কৃষিই সমৃদ্ধি



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক এর কার্যালয়, কুড়িগ্রাম
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- ০৫.৪৭.৪৯০০.০০৩.০৫.০০৮.১৭- ৫০৫ তারিখ- ৬/১০/২০২৬ খ্রি.

কৃষি মন্ত্রনালয়, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা দপ্তর স্মারক নং ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৯১ তারিখঃ ২৭/০৮/২০২৬ খ্রি এর পরিপত্র মোতাবেক কুড়িগ্রাম জেলার সকল উপজেলার সকল ইউনিয়নে (৭৩টি) ০১ (এক) জন করে মোট ৭৩ জন সার ডিলার জরুরী ভিত্তিতে নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। এখানে উল্লেখ্য যে, ইতোপূর্বে সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যারা আবেদন দাখিল করেছেন তাদের পূনরায় আবেদন করার প্রয়োজন নাই ।

শর্তাবলী ঃ

(ক) 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০২৬' এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে। (আবেদন ফরম www.moa.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।)

(খ) আবেদনকারীদের উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, কুড়িগ্রাম এর ওয়েবসাইট (www.dae.kurigram.gov.bd) থেকে আবেদনপত্র সংগ্রহ করা যাবে।

(গ) আবেদনকারীর যোগ্যতা ঃ

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক এর সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।

২. নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়নের কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ২৫ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে। তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার,সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না।

৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে।

৪. আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল হতে হবে এবং আর্থিক স্বচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ০৫.০০(পাঁচ) লক্ষ টাকার ব্যাংক স্বচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে।

৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকতে হবে।

৬.আবেদনকারীর বয়স নুন্যতম ১৮ (আঠারো) বছর হতে হবে(বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য হবে না)।

৭.আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে এবং

৮. আবেদনকারীর হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের সনদ থাকতে হবে।

(ঘ) আবেদনকারীর অযোগ্যতা ঃ

১.ইতোঃপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশীপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতোঃপূর্বে ব্যবসায়ে অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দন্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ০২(দুই) বছর পর আবেদন করতে পারবেন।

২. কোনো সরকারি কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না।

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ থাকলে অপর কেউ আবেদন করতে বা ডিলার থাকতে পারবেন না। এ ক্ষেত্রে পরিবারের সংজ্ঞা দেশে বিদ্যমান প্রচলিত আইন দ্বারা নির্ধারিত হবে।

ঙ. সারের ডিলারশিপের জন্য আবেদনপত্র জমাদানের শর্ত ও প্রয়োজনীয় কাগজপত্র ঃ

১.আবেদনকারীকে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-০১) আবেদন প্রস্তুত করে তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়ক পত্রে (Cover Letter) সহ আবেদন দাখিল করতে হবে।

২. আবেদপত্রের সঙ্গে নিম্নবর্ণিত দলিলাদি/কাগজ-পত্র জমা দিতে হবে।

(ক) জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ।

(খ) সাম্প্রতিক তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি।

(গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স।

(ঘ) দোকান/গুদাম পরিমাপের বর্ণনাসহ মালিকানা/ভাড়ায় চুক্তিনামার কপি।

(ঙ) ব্যাংক স্বচ্ছলতার সাম্প্রতিক সনদ।

(চ) সার ব্যবস্থাপনা আইন ও সার ব্যবস্থাপনা বিধিমালা অনুসারে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সার সংরক্ষণ/বিতরণ/বিপণন ইত্যাদি কাজের জন্য নিবন্ধন সনদ(যদি থাকে)।

CamScanner

(ছ) আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যয়িত পরিবারের সদস্যদের পেশাসহ (পিতা, মাতা, পুত্র,অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা এবং

(জ) হালানাগাদ আয়কর রির্টান দাখিলের সনদ।

৩. ডিলারশিপের জন্য আবেদনকারীর কৃষি উপকরণ সংক্রান্ত ব্যবসায়ের পূর্ব অভিজ্ঞতা থাকলে তার বিবরণ (প্রমাণাদিসহ) দাখিল করতে হবে।

৪. আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২০০০ (দুই হাজার) টাকার পোস্টাল/পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, কুড়িগ্রাম বরাবর জমা দিতে হবে।

৫. একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, কুড়িগ্রাম বরাবর আর্নেষ্টমানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরুপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদপত্র বাতিল ঘোষনা করা হবে এবং আর্নেষ্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনির্বাচিত আবেদনকারীদের আর্নেষ্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট ১০(দশ) কার্যদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদকারীর আর্নেষ্টমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

(চ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান ঃ

১. আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ঃ ০৩/০৯/২০২৬ খ্রি.বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত ;

২. আবেদনপত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র দাখিলের স্থান ঃ উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, কুড়িগ্রাম।

কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

অন্নপূর্ণা দেবনাথ
সভাপতি
জেলা সার ও বীজ মনিটিরিং কমিটি ও
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

CamScanner